يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَدْخُلُوا بُيُوتَ النَّبِيِّ إِلَّا أَنْ يُؤْذَنَ لَكُمْ إِلَى طَعَامٍ غَيْرٍ نَاظِرِينَ إِنَاهُ وَلَكِنْ إِذَا دُعِيتُمْ فَادْخُلُوا فَإِذَا طَعِمْتُمْ فَانْتَشِرُوا وَلَا مُسْتَأْنِسِينَ لِحَدِيثٍ إِنَّ ذَلِكُمْ كَانَ يُؤْذِي النَّبِيَّ فَيَسْتَحْيِي مِنْكُمْ وَاللَّهُ لَا يَسْتَحْيِي مِنَ الْحَقِّ وَإِذَا سَأَلْتُمُوهُنَّ مَتَاعًا فَاسْأَلُوهُنَّ مِنْ وَرَاءِ حِجَابٍ ذَلِكُمْ أَطْهَرُ لِقُلُوبِكُمْ وَقُلُوبِهِنَّ وَمَا كَانَ لَكُمْ أَنْ تُؤْذُوا رَسُولَ اللَّهِ وَلَا أَنْ تُنْكِرُوا أَرْوَاحَهُ مِنْ بَعْدِهِ أَبَدًا إِنَّ ذَلِكُمْ كَانَ عِنْدَ اللَّهِ عَظِيمًا ○ (سورة الأحزاب 53)

হে মুমিনগণ! তোমাদেরকে অনুমতি না দেয়া হলে তোমরা খাওয়ার জন্য আহাৰ্য রন্ধনের অপেক্ষা না করে নবী (সাঃ) এর গৃহে প্রবেশ করোনা। তবে তোমরা আহত হলে প্রবেশ করো, অতঃপর খাওয়া শেষে আপনা আপনি চলে যাও, কথাবার্তায় মশগুল হয়ে যেওনা। নিশ্চয় এটা নবী (সাঃ) এর জন্য কষ্টকর। তিনি তোমাদের কাছে সংকোচবোধ করেন; কিন্তু আল্লাহ সত্য কথা বলতে সংকোচ করেন না। তোমরা তাঁর পত্নীগণের কাছে কিছু চাইলে পর্দার আড়াল থেকে চাইবে। এটা তোমাদের অন্তরের জন্য এবং তাদের অন্তরের জন্য অধিকতর পবিত্রতার কারণ। আল্লাহর রাসূল (সাঃ) কে কষ্ট দেয়া এবং তাঁর ওফাতের পর তাঁর পত্নীগণকে বিবাহ করা তোমাদের জন্য বৈধ নয়। আল্লাহর কাছে এটা গুরুতর অপরাধ। সূরা (৩৩) আহযাব : আয়াত-৫৩

O ye who believe! Enter not the Prophet's houses,-until leave is given you,-for a meal, (and then) not (so early as) to wait for its preparation: but when ye are invited, enter; And when ye have taken your meal, disperse, Without seeking familiar talk. Such (behavior) annoys the Prophet: he is ashamed to dismiss you, but God is not ashamed (to tell you the truth). And when ye ask (his ladies) for anything ye want, ask them from before a screen: that makes for better purity for your hearts & for theirs. Nor is it right for you that ye should annoy God's Apostle, or that ye should marry his widows after him at any time. Truly such a thing is in God's sight an enormity.

(S-XXXIII-AHZAB-53)

65. Send blessings & salutation on the Prophet

إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا ○ (سورة الأحزاب 56)

নিশ্চয়ই আল্লাহ এবং তাঁর ফেরেশতাগণ নবী (সাঃ) এর প্রতি দরুদ পাঠান।
হে মুমিনগণ! তোমরাও তাঁর প্রতি দরুদ ও সালাম পাঠাও। সূরা (৩৩)
আহযাব : আয়াত-৫৬

God and His Angels send blessings on the Prophet: O ye who believe! Send ye blessings on him, and salute him with all respect.

(S-XXXIII-AHZAB-56)

66. Don't be like those who insulted Prophets

يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لِّأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ ذَلِكَ أَدْنَى أَنْ يُعْرَفْنَ فَلَا يُؤْذَيْنَ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا ○ (سورة الأحزاب 59)

হে মুমিনগণ! তোমরা তাদের মত হয়োনা যারা মুসা (আঃ) কে কষ্ট দিয়েছিল।
তারা যা বলেছিল আল্লাহ তা থেকে তাঁকে (আঃ) নির্দোষ প্রমাণ করেছিলেন।
তিনি আল্লাহর কাছে ছিলেন মর্যাদাবান। সূরা (৩৩) আহযাব : আয়াত-৬৯

O ye who believe! Be ye not like those who vexed & insulted Moses, But God cleared him of the (calumnies) they had uttered: and he was honorable in God's sight.

(S-XXXIII-AHZAB-69)

67. Always say a word directed to the right

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَقُولُوا قَوْلًا سَدِيدًا ○ (سورة
الأحزاب 70)

হে মুমিনগণ! আল্লাহকে ভয় কর এবং সঠিক কথা বল। সূরা (৩৩) আহযাব :
আয়াত-৭০

*O ye who believe! Fear God, and (always) say a word directed
to the right.*

(S-XXXIII-AHZAB-70)

68. Do good in this world

قُلْ يَا عِبَادِ الَّذِينَ آمَنُوا اتَّقُوا رَبَّكُمْ لِلَّذِينَ أَحْسَنُوا فِي هَذِهِ الدُّنْيَا
○ حَسَنَةٌ وَأَرْضُ اللَّهِ وَاسِعَةٌ إِنَّمَا يُوَفَّى الصَّابِرُونَ أَجْرَهُمْ بِغَيْرِ حِسَابٍ
(سورة الزمر 10)

(হে নবী) বল: হে আমার বান্দারা যারা ঈমান এনেছ! তোমাদের রবকে ভয়
কর। যারা এই দুনিয়ায় সৎ আচরণ গ্রহণ করেছ তাদের জন্য কল্যাণ রয়েছে।
আর আল্লাহর এই পৃথিবীতে বিশাল ও প্রশস্ত। ধৈর্যশীলদেরকে তো তাদের
প্রতিফল বে-হিসাবে দেয়া হবে। সূরা (৩৯) জুমার : আয়াত-১০

*Say: "O ye my servants who believe! Fear your Lord. Good is
(the reward) for those who do good in this world. Spacious is
God's earth! Those who patiently persevere will truly receive a
reward without measure!"*

(S-XXXIX-ZUMAR-10)

69. Aid the cause of Allah, He will aid you

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّ تَنْصُرُوا اللَّهَ يَنْصُرْكُمْ وَيُثَبِّتْ أَقْدَامَكُمْ ○
(سورة محمد 7)

হে মুমিনগণ! তোমরা যদি আল্লাহকে সাহায্য কর তাহলে তিনিও তোমাদেরকে সাহায্য করবেন এবং তোমাদের পা (স্থিতি) কে সুদৃঢ়রূপে প্রতিষ্ঠিত করে দেবেন। সূরা (৪৭) মুহাম্মদ : আয়াত-৭

O ye who believe! If ye will aid (the cause of) God, He will aid you, and plant your feet firmly.

(S-XLVII-MUHAMMAD-07)

70. Obey Allah & obey the Apostle

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَ أَطِيعُوا الرَّسُولَ وَ لَا تَبْطُلُوا
أَعْمَالَكُمْ ﴿٣٣﴾

হে মুমিনগণ! তোমরা আল্লাহর আনুগত্য কর এবং রাসূল (সাঃ) এর আনুগত্য কর। আর নিজেদের আমল বিনষ্ট করোনা। সূরা (৪৭) মুহাম্মদ : আয়াত-৩৩

O ye who believe! Obey God, & obey the Apostle, and make not vain your deeds!

(S-XLVII-MUHAMMAD-33)

71. Don't put yourselves forward before God & his Apostle

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْدِّمُوا بَيْنَ يَدَيْ اللَّهِ وَرَسُولِهِ وَ اتَّقُوا اللَّهَ
إِنَّ اللَّهَ سَبِيعٌ عَلِيمٌ (سورة الحجرات 1)

হে মুমিনগণ! আল্লাহ ও তাঁর রাসূলের সামনে অগ্রসর হয়ে যেওনা (অতিক্রম করে যেওনা)। আর আল্লাহকে ভয় কর। আল্লাহ সবকিছু শোনেন সবকিছু জানেন। সূরা (৪৯) হুজরাত : আয়াত-০১

O ye who believe! Put not yourselves forward Before God and His Apostle; but fear God: for God is He Who hears & knows all things.

(S-XLIX-HUJRAT-01)

72. Respect the Prophet

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ النَّبِيِّ وَلَا تَجْهَرُوا لَهُ بِالْقَوْلِ كَجَهْرِ بَعْضِكُمْ لِبَعْضٍ أَن تَحْبَطَ أَعْمَالِكُمْ وَأَنتُمْ لَا تَشْعُرُونَ ○ (سورة الحجرات 2)

হে মুমিনগণ! নিজেদের কণ্ঠস্বর নবীর (সাঃ) কণ্ঠস্বর অপেক্ষা উচ্চ করোনা। নবীর (সাঃ) সাথে উচ্চ স্বরে কথাও বলবেনা, যেমন তোমরা নিজেরা পরস্পর বলে থাক। তোমাদের আমল সমূহ যেন বরবাদ হয়ে না যায় এমনভাবে যে তোমরা তা টেরও পাবেনা। সূরা (৪৯) হুজরাত : আয়াত-০২

O ye who believe! Raise not your voices above the voice of the Prophet, nor speak aloud to him in talk, as ye may speak aloud to one another, lest your deeds become vain & ye perceive not.

(S-XLIX-HUJRAT-02)

73. Take decision after ascertaining the truth

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَأٍ فَتَبَيَّنُوا أَن تُصِيبُوا قَوْمًا بِجَهَالَةٍ فَتُصْبِحُوا عَلَىٰ مَا فَعَلْتُمْ نَادِمِينَ ○ (سورة الحجرات 6)

হে মুমিনগণ! কোন ফাসিক ব্যক্তি যদি তোমাদের নিকট কোন খবর নিয়ে আসে তবে এর সত্যতা যাচাই করে নাও। এমন যেন না হয় যে, তোমরা অজ্ঞতা বশত: কোন জনগোষ্ঠীর ক্ষতিসাধন করে বসবে এবং পরে নিজেদের কৃতকর্মের জন্য লাজ্জিত হবে। সূরা (৪৯) হুজরাত : আয়াত-০৬

O ye who believe! If a wicked person comes to you with any news, ascertain the truth, lest ye harm the people unwittingly and afterwards become full of repentance for what ye have done.

(S-XLIX-HUJRAT-06)

74. Don't laugh at others nor defame

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَسْخَرُ قَوْمٌ مِّن قَوْمٍ عَلَىٰ أَنْ يَكُونُوا خَيْرًا مِّنْهُمْ وَلَا نِسَاءٌ مِّن نِّسَاءٍ عَلَىٰ أَنْ يَكُنَّ خَيْرًا مِّنْهُنَّ وَلَا تَلْمِزُوا أَنْفُسَكُمْ وَلَا تَنَابَزُوا بِالْأَلْقَابِ بِئْسَ الْإِسْمُ الْفُسُوقُ بَعْدَ الْإِيمَانِ وَمَنْ لَّمْ يَتُبْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ (سورة الحجرات 11)

হে মুমিনগণ! কোন পুরুষ যেন অপর পুরুষদের উপহাস না করে। কেননা হতে পারে তারা উপহাসকারীদের চেয়ে উত্তম। কোন মহিলা যেন অপর মহিলাদের উপহাস না করে। কেননা হতে পারে তারা উপহাসকারীদের চেয়ে উত্তম। তোমরা নিজেদেরকে (একে অপরকে) দোষারোপ করোনা এবং একে অপরকে মন্দ নামে ডেকোনা। ঈমান আনার পর ফাসিক কাজ করা খুবই খারাপ। যেসব লোক এসব আচার-আচরণ থেকে তাওবা করেনা তারাই জালিম। সূরা (৪৯) হজরাত : আয়াত-১১

O ye who believe! Let not some men among you laugh at others: it may be that the (latter) are better than the (former):

nor let some women laugh at others: it may be that the (latter) are better than the (former): nor defame nor be sarcastic to each other, nor call each other by (offensive) nicknames: ill-seeming is a name connoting wickedness, (to be used of one) after he has believed: and those who do not desist are (indeed) doing wrong.

(S-XLIX-HUJRAT-11)

75. Don't backbite & avoid suspicion

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اجْتَنِبُوا كَثِيرًا مِّنَ الظَّنِّ إِنَّ بَعْضَ الظَّنِّ إِثْمٌ وَلَا تَجَسَّسُوا وَلَا يَغْتَب بَّعْضُكُم بَعْضًا أَيُحِبُّ أَحَدُكُمْ أَنْ يَأْكُلَ لَحْمَ أَخِيهِ مَيْتًا فَكَرِهْتُمُوهُ وَاتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ تَوَّابٌ رَّحِيمٌ

(سورة الحجرات 12)

হে মুমিনগণ! তোমরা খুব বেশী (খারাপ) ধারণা পোষণ থেকে বিরত থাক। কেননা কোন কোন ধারণা অনুমান গুনাহের অন্তর্ভুক্ত এবং গোপনীয় বিষয় সন্ধান করেনা। তোমাদের কেউ যেন কারো গীবত (পশ্চাতে নিন্দা) না করে। তোমাদের কেউ কি তার মৃত ভাইয়ের গোশত খাওয়া পছন্দ করবে? তোমরাতো একে ঘনাই করে থাক। আল্লাহকে ভয় কর। নিশ্চয়ই আল্লাহ খুব বেশী তাওবা কবুলকারী এবং দয়াবান। সূরা (৪৯) হুজরাত : আয়াত-১২

O ye who believe! Avoid suspicion as much (as possible): for suspicion in some cases is a sin: and spy not on each other, nor speak ill of each other behind their backs. Would any of you like to eat the flesh of his dead brother? Nay, ye would abhor it But fear God: for God is oft-returning, most Merciful.

(S-XLIX-HUJRAT-12)

76. Believe in Allah & His Apostle earnestly to get light

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَآمِنُوا بِرَسُولِهِ يُؤْتِكُمْ كِفْلَيْنِ مِنْ رَحْمَتِهِ وَيَجْعَلْ لَكُمْ نُورًا تَمْشُونَ بِهِ وَيَغْفِرْ لَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ

○ (সূরা হুদ) (২৪)

হে মুমিনগণ! তোমরা আল্লাহকে ভয় কর এবং তাঁর রাসূল (মুহাম্মদ সাঃ) এর প্রতি ঈমান আন। তাহলে আল্লাহ তোমাদেরকে তাঁর রহমতের দ্বিগুণ অংশ দান করবেন। তোমাদেরকে নূর দান করবেন যার সাহায্যে তোমরা পথ চলবে এবং তোমাদেরকে অপরাধ মাফ করে দেবেন এবং আল্লাহ ক্ষমাশীল, দয়াময়। সূরা (৫৭) হাদীদ : আয়াত-২৮

O ye who believe! Fear God, and believe in his Apostle, and He will bestow on you a double portion of His Mercy: He will provide for you a light by which ye shall walk (straight in your path), and He will forgive you (your past): for God is Oft-Forgiving Most Merciful.

(S-LVII-HADID-28)

77. Don't hold secret counsel for iniquity but do it for righteousness.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا تَنَاجَيْتُمْ فَلَا تَتَنَاجَوْا بِالْإِثْمِ وَالْعُدْوَانِ
وَمَعْصِيَةِ الرَّسُولِ وَتَنَاجَوْا بِالْبِرِّ وَالتَّقْوَىٰ وَاتَّقُوا اللَّهَ الَّذِي إِلَيْهِ
تُحْشَرُونَ ○ (سورة المجادلة 9)

হে মুমিনগণ! তোমরা যখন কানাকানি কর তখন পাপাচার, সীমালংঘন ও রাসূল (সাঃ) এর অবাধ্যতার বিষয়ে কানাকানি করোনা বরং সৎকর্মশীলতা ও আল্লাহভীতির ব্যাপারে কানাকানি কর। আল্লাহকে ভয় কর যার কাছে তোমাদেরকে (হাশরের দিন) একত্রিত হতে হবে। সূরা (৫৮) মুজাদালা : আয়াত-০৯

O ye who believe! When ye hold secret counsel, do it not for iniquity and hostility, and disobedience to the Prophet; but do it for righteousness and self-restraint; and fear God, to whom ye shall be brought back.

(S-LVIII-MUJADILA-09)

78. Make room in the assemblies

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا قِيلَ لَكُمْ تَفَسَّحُوا فِي الْمَجَالِسِ فَافْسَحُوا
يَفْسَحِ اللَّهُ لَكُمْ وَإِذَا قِيلَ انشُرُوا فَانشُرُوا يَرْفَعِ اللَّهُ الَّذِينَ آمَنُوا
مِنْكُمْ وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ○
(سورة المجادلة 11)

হে মুমিনগণ! যখন তোমাদেরকে বল হয় মজলিসে স্থান প্রশস্ত করে দাও, তখন তোমরা স্থান প্রশস্ত করে দিও। তাহলে আল্লাহ তোমাদেরকে প্রশস্ততা দান করবেন। যখন বলা হয় উঠে যাও তখন উঠে যেও। তোমাদের মধ্যে যারা ঈমানদার এবং যারা জ্ঞান প্রাপ্ত আল্লাহ তাদের মর্যাদা উচ্চ করে দেবেন। আল্লাহ খবর রাখেন যা কিছু তোমরা কর। সূরা (৫৮) মুজাদালা : আয়াত-১১

O ye who believe! When ye are told to make room in the assemblies, (spread out and) make room: (ample) room will God provide for you. And when ye are told to rise up, rise up: God will raise up, to (suitable) ranks (and degrees), those of you who believe And who have been granted (mystic) knowledge. and God is well- acquainted with all ye do.

(S-LVIII-MUJADILA-11)

79. Spending in charity is conducive to purity

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا نَاجَيْتُمُ الرَّسُولَ فَقَدِّمُوا بَيْنَ يَدَيْ
نَجْوَاكُمْ صَدَقَةٌ ذَلِكَ خَيْرٌ لَكُمْ وَأَطْهَرُ فَإِن لَّمْ تَجِدُوا فَإِنَّ اللَّهَ
غَفُورٌ رَّحِيمٌ ○ (سورة المجادلة 12)

হে মুমিনগণ! তোমরা রাসূল (সাঃ) এর কাছে কান কথা (গোপন কথা) বলতে চাইলে তৎপূর্বে সদকা প্রদান কর। এটা তোমাদের জন্য শ্রেয় ও পবিত্র হওয়ার ভালো উপায়। যদি তাতে সক্ষম না হও তবে আল্লাহ ক্ষমাশীল পরম দয়ালু।
সূরা (৫৮) মুজাদালা : আয়াত-১২

O ye who believe! When ye consult the apostle in private, spend something in charity before your private consultation. That will be best for you, and most conducive to purity (of conduct). But if ye find not (the wherewithal), God is oft forgiving, Most Merciful.

(S-LVIII-MUJADILA-12)

80. Think what ye have sent forth for the morrow

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَلْتَنْظُرْ نَفْسٌ مَّا قَدَّمَتْ لِغَدٍ وَاتَّقُوا
اللَّهَ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ ○ (سورة الحشر 18)

হে মুমিনগণ! আল্লাহ তা'আলাকে ভয় কর এবং প্রত্যেক ব্যক্তির উচিত আগামীকালের জন্য সে কি প্রেরণ করছে তা চিন্তা করা। আল্লাহ তা'আলাকে ভয় করতে থাক। তোমরা যা কর আল্লাহ তা'আলা সে সম্পর্কে খবর রাখেন।
সূরা (৫৯) হাশর : আয়াত-১৮

O ye who believe! Fear God, and let every soul look to what (provision) he has sent forth for the morrow. Yea, fear God: for God is well-acquainted with (all) that ye do.

(S-LIX-HASHR-18)

81. Don't work in favour of unbelievers

(يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا عَدُوِّي وَعَدُوَّكُمْ أَوْلِيَاءَ تُلْقُونَ
إِلَيْهِم بِالْمُودَّةِ وَقَدْ كَفَرُوا بِمَا جَاءَكُمْ مِنَ الْحَقِّ يُخْرِجُونَ
الرَّسُولَ وَإِيَّاكُمْ أَنْ تُؤْمِنُوا بِاللَّهِ رَبِّكُمْ إِنْ كُنْتُمْ خَرَجْتُمْ جِهَادًا
فِي سَبِيلِي وَابْتِغَاءَ مَرْضَاتِي تُسِرُّونَ إِلَيْهِم بِالْمُودَّةِ وَأَنَا أَعْلَمُ بِمَا
أَخْفَيْتُمْ وَمَا أَعْلَنْتُمْ وَمَنْ يَفْعَلْهُ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَاءَ
السَّبِيلِ) ○ (سورة الممتحنة 1)

হে মুমিনগণ! তোমরা আমার ও তোমাদের শত্রুদেরকে বন্ধুরূপে গ্রহণ করোনা। তোমরাতো তাদের প্রতি বন্ধুত্বের বার্তা পাঠাও অথচ তারা যে সত্য তোমাদের কাছে আগমন করেছে তা অস্বীকার করছে। তারা রাসূল (সাঃ) কে এবং তোমাদেরকে বহিষ্কার করে এই অপরাধে, যে তোমরা তোমাদের পালনকর্তার প্রতি বিশ্বাস রাখ। যদি তোমরা আমার সন্তুষ্টি লাভ এবং আমার পথে জেহাদ করার জন্য বের হয়ে থাক তবে কেন তাদের প্রতি গোপনে বন্ধুত্বের বার্তা প্রেরণ করছ? তোমরা যা গোপন কর এবং যা প্রকাশ কর তা আমি খুব জানি। তোমাদের মধ্যে যে এটা করে সে সরল পথ থেকে বিচ্যুত হয়ে যায়। সূরা (৬০) মুমতাহানা : আয়াত-০১

O ye who believe! Take not My enemies and yours as friends (or protectors),- offering them (your) love, even though they have rejected the truth that has come to you, and have (on the contrary) driven out the Prophet and yourselves (from your homes), (simply) because ye believe in God your Lord! If ye have come out to strive in my way and to seek My good pleasure, (take them not as friends), holding secret converse of love (and friendship) with them: for I know full well all that ye conceal and all that ye reveal. And any of you that do this has strayed from the straight path.

(S-LX-MUMTAHANA-01)

82. No marriage between Believer & Unbeliever

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا جَاءَكُمْ الْمُؤْمِنَاتُ مَهَاجِرَاتٍ فَأَمْتَحِنُوهُنَّ اللَّهُ
أَعْلَمُ بِبَيِّنَاتٍ فَإِنْ عَلِمْتُمُوهُنَّ مُؤْمِنَاتٍ فَلَا تَرْجِعُوهُنَّ إِلَى الْكُفَّارِ لَا
هُنَّ حِلٌّ لَهُمْ وَلَا هُمْ يَحِلُّونَ لَهُنَّ وَآتُوهُنَّ مَا أَنْفَقُوا وَلَا جُنَاحَ عَلَيْكُمْ
أَنْ تَنْكِحُوهُنَّ إِذَا آتَيْتُمُوهُنَّ أَجُورَهُنَّ وَلَا تُمْسِكُوا بِعِصَمِ الْكَوَافِرِ
وَأَسْأَلُوا مَا أَنْفَقْتُمْ وَلْيَسْأَلُوا مَا أَنْفَقُوا ذَلِكَمُ حُكْمُ اللَّهِ يَحْكُمُ بَيْنَكُمْ
وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ○ (سورة الممتحنة 10)

হে মুমিনগণ! ঈমানদার মহিলারা যখন হিজরত করে তোমাদের নিকট আসে তখন তাদের (মুমিনা হওয়ার ব্যাপারটি) পরীক্ষা করে নাও। আর তাদের ঈমানের প্রকৃত অবস্থা আল্লাহই ভালো জানেন। তোমরা যদি নিঃসন্দেহে জানতে পার যে, তারা মুমিনা তাহলে তাদেরকে কাফেরদের নিকট ফিরিয়ে দিওনা। না তারা কাফেরদের জন্য হালাল না কাফির পুরুষরা তাদের জন্য হালাল। তাদের কাফির স্বামীর যা কিছু তাদেরকে দিয়েছিল তা তাদেরকে ফিরিয়ে দাও। তোমরা তাদেরকে বিবাহ করায় কোন দোষ নেই, যদি তোমরা তাদের মোহরানা আদায় করে দাও। আর তোমরা নিজেরাও কাফির

মহিলাদেরকে নিজেদের বিবাহ বন্ধনে আটকিয়ে রেখোনা তোমরা যা কিছু তোমাদের কাফির স্ত্রীদের দিয়েছ তা ফেরত চেয়ে নাও। আর যে মোহরানা কাফিররা তাদের মুসলিম স্ত্রীদেরকে দিয়েছে তারাও যেন তা ফেরত চেয়ে নেয়। ইহা আল্লাহ তা'আলার নির্দেশ। তিনি তোমাদের মাছে ফায়সালা করে দেন। আল্লাহ সর্বজ্ঞ সুবিজ্ঞানী। সূরা (৬০) মুমতাহানা : আয়াত-১০

O ye who believe! When there come to you Believing women refugees, Examine (and test) them: God knows best as to their faith: if ye ascertain that they are Believers, then send them not back to the Unbelievers. They are not lawful (wives) for the Unbelievers, nor are the (Unbelievers) lawful (husbands) for them. But pay the unbelievers what they have spent (on their dower). And there will be no blame on you if ye marry them on payment of their dower to them. But hold not to the guardianship of Unbelieving women: ask for what ye have spent on their dowers and let the (Unbelievers) ask for what they have spent (on the dowers of women who come over to you). Such is the command of God: He judges (with justice) between you. And God is full of knowledge and wisdom.

(S-LX-MUMTAHANA-10)

83. Do not turn for friendship to the cursed people

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَوَلَّوْا قَوْمًا غَضِبَ اللَّهُ عَلَيْهِمْ قَدْ يَكُونُوا مِّنَ
الْآخِرَةِ كَمَا يَبِئْسَ الْكُفَّارُ مِنْ أَصْحَابِ الْقُبُورِ ۝ (سورة المتحنه 11)

হে মুমিনগণ! আল্লাহ যে জাতির উপর গযব নাজিল করেছেন তোমরা তাদের সাথে বন্ধুত্ব করোনা। তারা পরকাল সম্পর্কে তেমনি নিরাশ যেমন করবে সমাধিস্ত কাফেররা নিরাশ। সূরা (৬০) মুমতাহানা : আয়াত-১৩

O ye who believe! Turn not (for friendship) to people on whom is the wrath of God. Of the hereafter they are already in despair, just as the Unbelievers are in despair about those (buried) in graves.

(S-LX-MUMTAHANA-13)

84. Don't say that what ye do not

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِمَ تَقُولُونَ مَا لَا تَفْعَلُونَ (سورة الصف 5)

হে মুমিনগণ! তোমরা সে কথ কেন বল যা কার্যত করনা? সূরা (৬১) সফ :
আয়াত-০২

O ye who believe! Why say ye that which ye do not?

(S-LXI-SAFF-02)

85. Go for a bargain which will save you from a grievous penalty

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ تِجَارَةٍ تُنْجِيكُمْ مِّنْ عَذَابٍ أَلِيمٍ
(سورة الصف 10)

হে মুমিনগণ! আমি কি তোমাদের এমন এক ব্যবসার সন্ধান দেব যা তোমাদের
যন্ত্রণাদায়ক শাস্তি থেকে মুক্তি দেবে। সূরা (৬১) সফ : আয়াত-১০

*O ye who believe! Shall I lead you to a bargain that will save
you from a grievous penalty?*

(S-LXI-SAFF-10)

86. Be ye helpers of God: you will prevail

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُونُوا أَنصَارَ اللَّهِ كَمَا قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ
لِلْحَوَارِيِّينَ مَنْ أَنصَارِي إِلَى اللَّهِ قَالَ الْحَوَارِيُّونَ نَحْنُ أَنصَارُ اللَّهِ
فَأَمَّنت طَائِفَةٌ مِّن بَنِي إِسْرَائِيلَ وَكَفَرَت طَّائِفَةٌ فَأَيَّدْنَا الَّذِينَ
آمَنُوا عَلَىٰ عَدُوِّهِمْ فَأَصْبَحُوا ظَاهِرِينَ (سورة الصف 14)

হে মুমিনগণ! তোমরা আল্লাহর সাহায্যকারী হও, যেমন ঈসা ইবনে মরিয়ম
(আঃ) হাওয়ারীগণকে (তঁর শিষ্যগণকে) বলেছিলেন, আল্লাহর পথে কে আমার

সাহায্যকারী হবেন তখন হওয়ারীগণ জবাব দিয়েছিলেন আমরা আছি আল্লাহর পথে সাহায্যকারী । অতঃপর বনী ঈসরাইলের একদল ঈমান আনল আর অন্যদল কুফরী করল । যারা ঈমান এনেছিল আমি তাদেরকে শত্রুদের মুকাবেলায় সাহায্য করলাম । ফলে তারাই বিজয়ী হয়ে থাকল । সূরা (৬১) সফ : আয়াত-১৪

O ye who believe! Be ye helpers of God: As said Jesus the son of Mary to the disciples, "who will be my helpers to (the work of) God?" Said the disciples, "we are God's helpers!" Then a portion of the children of Israel believed, and a portion disbelieved: but we gave power to those who believed, against their enemies, and they became the ones that prevailed.

(S-LXI-SAFF-14)

87. When there is call for prayer leave off business

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا نُودِيَ لِلصَّلَاةِ مِنْ يَوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا إِلَىٰ ذِكْرِ اللَّهِ وَذَرُوا الْبَيْعَ ذَلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ○ (سورة الجمعة 9)

হে মুমিনগণ! জুমআর দিনে যখন নামাজের আযান দেয়া হয়, তখন তোমরা আল্লাহর স্মরণের দিকে দৌড়াও এবং বেচাকেনা বন্ধ কর । এটা তোমাদের জন্য উত্তম যদি তোমরা বুঝ । সূরা (৬২) জুম'আ : আয়াত-০৯

O ye who believe! When the call is proclaimed to prayer on Friday (the day of assembly), hasten earnestly to the remembrance of God, and leave off business (and traffic): that is best for you if ye but knew!

(S-LXII-JUMU'A-09)

88. Let not your riches or your children divert you from the remembrance of God

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُلْهِكُمْ أَمْوَالُكُمْ وَلَا أَوْلَادُكُمْ عَنْ ذِكْرِ اللَّهِ
وَمَنْ يَفْعَلْ ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْخَاسِرُونَ ○ (سورة المنافقون 9)

হে মুমিনগণ! তোমাদের সম্ভান-সম্ভতি যেন তোমাদেরকে আল্লাহর স্মরণ থেকে গাফিল না করে। যারা এরূপ করবে তারাইতো ক্ষতিগ্রস্থ। সূরা (৬৩) মুনাফিকুন : আয়াত-০৯

O ye who believe! Let not your riches or your children divert you from the remembrance of God. If any act thus, the loss is their own.

(S-LXIII-UNAFIQUN-09)

89. Be careful about your wives & children

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّ مِنْ أَزْوَاجِكُمْ وَأَوْلَادِكُمْ عَدُوًّا لَكُمْ
فَأَحْذَرُواهُمْ وَإِنْ تَعْفُوا وَتَصْفَحُوا وَتَغْفِرُوا فَإِنَّ اللَّهَ غَفُورٌ
رَحِيمٌ ○ (سورة التغابن 14)

হে মুমিনগণ! তোমাদের স্ত্রীগণ! ও তোমাদের সম্ভান-সম্ভতির মধ্যে কতিপয় তোমাদের শত্রু। অতএব, তাদের ব্যাপারে সতর্ক থাক্ আর তোমরা যদি ক্ষমা কর, উপেক্ষা কর এবং দোষক্রটি ঢেকে রাখ তবে আল্লাহ কতিপয় ক্ষমাশীল ও অতিশয় দয়াময়। সূরা (৬৪) তাগাবুন : আয়াত-১৪

O ye who believe! Truly among your wives and your children are (some that are) enemies to yourselves: so beware of them! But if ye forgive and overlook, and cover-up (their faults), verily God is oft forgiving, Most Merciful.

(S-LXIV-TAGABUN-14)

90. Save yourselves & your families from hell

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا قُوا أَنْفُسَكُمْ وَأَهْلِيكُمْ نَارًا وَقُودُهَا النَّاسُ
وَالْحِجَارَةُ عَلَيْهَا مَلَائِكَةٌ غِلَاظٌ شِدَادٌ لَا يَعْصُونَ اللَّهَ مَا أَمَرَهُمْ
وَيَفْعَلُونَ مَا يُؤْمَرُونَ ○ (سورة التحريم 6)

হে মুমিনগণ! তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার পরিজনকে সেই আগুন থেকে রক্ষা কর যার ইন্দন হবে মানুষ ও পাথর। যাতে নিয়োজিত আছে কঠোর স্বভাব, পাষণ হৃদয় ফেরেশতাগণ। তারা আল্লাহ তা'আলা যা আদেশ করেন তা অমান্য করেনা এবং যা করতে আদেশ করা হয় তা-ই করেন। সূরা (৬৬) তাহরীম : আয়াত-০৬

O ye who believe! Save yourselves and your families from a fire whose fuel is men and stones, over which are (appointed) Angels stern & severe, who flinch not (from executing) the commands they receive from God, but do (precisely) what they are commanded.

(S-LXVI-TAHRIM-06)

আলোচ্য আয়াতে বলা হয়েছে কেবলমাত্র নিজেকে আল্লাহর আযাব থেকে রক্ষা করার জন্য চেষ্টা করতে থাকবে এবং তার চেষ্টা এ পর্যন্তই সীমাবদ্ধ থাকবে মুমিন ব্যক্তির কেবলমাত্র এতটুকুই দায়িত্ব নয় বরং সেই সাথে প্রাকৃতিক ব্যবস্থানুযায়ী যে পরিবার ও বংশের নেতৃত্বের বোঝা তার উপর অর্পিত হয়েছে যে পরিবার ও বংশের লোকজনকেও শিক্ষা ও প্রশিক্ষণ দিয়ে আল্লাহর পছন্দের অনুরূপ বানাতে চেষ্টা করে যাওয়াও তার অত্যন্ত গুরুত্বপূর্ণ কর্তব্য। তারা জাহান্নামের দিকে অগ্রসর হতে থাকলে তার পক্ষে যতটা সম্ভব তাদেরকে সেদিক হতে ফিরিয়ে রাখার জন্য চেষ্টা প্রচেষ্টা চালাবে। সন্তানাদি কেবলমাত্র অর্থনৈতিক দিক দিয়ে স্বচ্ছল অবস্থার হবে পিতৃগণের শুধু এই চিন্তাই হওয়া উচিত নয়। সেই সাথে বরং ইহা অপেক্ষাও বেশী চিন্তা করতে হবে তাদেরকে জাহান্নামের ইন্দন থেকে বিরত রাখার জন্য। বুখারী শরীফে হযরত আব্দুল্লাহ ইবনে ওমরের বর্ণনা উদ্ধৃত হয়েছে-রাসূলে করীম (সাঃ) বলেছেন, “তোমাদের প্রত্যেকেই রাখাল এবং নিজের দায়িত্বের ব্যাপারে আল্লাহর কাছে জবাবদিহী করতে হবে। দেশ প্রশাসক রাখাল সে তার প্রজা

সাধারণের ব্যাপারে জবাবদিহী করবে। স্ত্রী নিজের স্বামীর ঘর সন্তানদের ব্যাপারে দায়ী। সে তাদের ব্যাপারে জবাবদিহী করবে।”

অতঃপর জাহান্নামের ভয়াবহতা তুলে ধরা হয়েছে যে, এর ইন্ধন হবে মানুষ ও পাথর। এটা অত্যন্ত মারাত্মক আগুন, এটা সাধারণ আগুনের মত যেটা কাঠ বা কয়লা বা এধরনের জিনিষকে জ্বালায় তা'নয়। এই আগুনের ইন্দর হবে মানুষ যারা পাপ কাজ করবে এবং যাদের অন্তর পাথরের মত কঠিন। অথবা পাথরের মূর্তি যে গুলো জীবনের সকল মিথ্যার প্রতিকৃতি। আমরা সাধারণত চিন্তা করি ফেরেশতারা স্বভাবগতভাবে খুবই নরম স্বভাবের দয়াদ্র এবং সুন্দর। কিন্তু অন্যদিকে তারা ন্যায় বিচারক, বিশ্বস্ত এবং সুশৃংখল এবং অত্যন্ত দৃঢ়ভাবে তাদেরকে দেয়া আল্লাহর আদেশ সমূহ পালন করেন। এই ব্যাপারে তাঁরা সামান্য শিথিলতা দেখান না বা আদেশ পালনে সামান্য ত্রুটি বা হেরফের করেননা। তাঁরা আল্লাহর আদেশ সমূহ পুংখানুপুয়খ রূপে বাস্তবায়ন করেন।

অতএব আমাদের কর্তব্য জাহান্নামের আগুন থেকে নিজেদেরকে এবং নিজেদের পরিবার পরিজনকে রক্ষা করার জন্য সর্বা'ত্মক চেষ্টা করা।

91. Turn to Allah with sincere repentance

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا تَوْبُوا إِلَى اللَّهِ تَوْبَةً نَّصُوحًا عَسَىٰ رَبُّكُمْ أَن
يُكَفِّرَ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ وَيُدْخِلَكُمُ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا
الْأَنْهَارُ يَوْمَ لَا يُخْزِي اللَّهُ النَّبِيَّ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ نَوْمَهُمُ
يَسْعَىٰ بَيْنَ أَيْدِيهِمْ وَبِأَيْمَانِهِمْ يَقُولُونَ رَبَّنَا أَتِمِّمْ لَنَا نُورَنَا
وَاعْفِرْ لَنَا إِنَّكَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۝ (سورة التَّحْرِيمِ 8)

হে মুমিনগণ! তোমরা আল্লাহর কাছে তওবা কর আন্তরিক তওবা। আশা করা যায় যে, তোমাদের রব তোমাদের মন্দ কর্মসমূহ মোচন করে দেবেন এবং তোমাদের দাখিল করবেন জান্নাতে যার তলদেশে বর্ণাধারা প্রবাহিত। সেদিন আল্লাহপাক নবী এবং তাঁর বিশ্বাসী সহচরদেরকে অপদস্থ করবেন না। তাদের নূর তাদের সামনে ও ডানদিকে ছুটা-ছুটি করবে। তারা বলবে হে আমাদের পালনকর্তা আমাদের নূরকে পূর্ণ করে দিন এবং আমাদেরকে ক্ষমা করে দিন। নিশ্চয়ই আপনি সবকিছুর উপর সর্বশক্তিমান। সূরা (৬৬) তাহরীম : আয়াত-০৮

O ye who believe! Turn to God with sincere repentance: In the hope that your Lord will remove from you your ills and admit you to gardens beneath which rivers flow, - the day that God will not permit to be humiliated the Prophet & those who believe with him. Their light will run forward before them and by their right hands, while they say, "our Lord! Perfect our light for us, and grant us forgiveness: for Thou hast power over all things."

(S-LXVI-TAHRIM-08)

-0-

“তাওবাতান নাসূহ” এর দুটি অর্থ হতে পারে। (১) মানুষ এমন খাঁটি ও অকৃত্রিম, একনিষ্ঠ তাওবা করবে যাতে লোক দেখানো বা রিয়াকারী, মুনাফেকী বা কপটতার বিন্দু বিসর্গও থাকবেনা। (২) ব্যক্তি নিজে নিজের কল্যাণ কামনা করবে, মঙ্গল চাইবে এবং গুনাহ হতে তওবা করে নিজেই নিজেকে মারাত্মক পরিণতি হতে রক্ষা করবে অথবা গুনাহর কারণে তার দ্বীন পালনে যে ফাটল ধরে গিয়েছিল তাওবা করে এর প্রতিবিধান করবে- মেরামত বা সংশোধন করবে। কিংবা তওবা করে সে নিজের জীবনকে এতটা সুসংগঠিত ও পরিমার্জিত করে নিবে যে অন্য লোকদের জন্য সে উপদেশ হওয়ার দৃষ্টান্ত হবে। তার দৃষ্টান্ত দেখে অন্য লোকেরাও তারই মত নিজেদের সংশোধন করে নেবে। এইসব অর্থ আভিধানিক অর্থের দিক দিয়ে জানা ও বুঝা যায়। এছাড়াও শরীয়াতের দৃষ্টিতে এর অর্থ ও তাৎপর্য জানা যায় রাসূল (সাঃ) এর হাদীস হতে- রাসূল বলেছেন: “তাওবাতুন নাসূহ এর তাৎপর্য হলে, তোমার দ্বারা যখন কোনো অপরাধ হয়ে যায় তখন নিজের গুনাহর জন্য লজ্জিত ও অনুতপ্ত হও এবং এই লজ্জা সহকারে আল্লাহর নিকট ক্ষমা চাও আর ভবিষ্যতে কখনো একাজ করোনা।” হযরত আলী (রাঃ) একবার একজন বেদুইন লোককে খুব দ্রুত তাওবা ইস্তিগফার এর শব্দগুলো উচ্চারণ করতে শুনতে পেলেন। তখন তিনি বললেন এতো মিথ্যেকের তাওবা। সে জিজ্ঞাসা করল তাহলে সহীহ তাওবা কী? তিনি বললেন এর জন্য ছয়টি জিনিস হওয়া আবশ্যিক (১) যা ঘটে গেছে তার জন্য লজ্জিত হবে, (২) নিজের যেসব কর্তব্যে অবহেলা দেখিয়েছ তা রীতিমত আদায় কর, (৩) যার হক নষ্ট বা হরণ করেছ তাকে তা ফিরিয়ে দাও, (৪) যাকে কষ্ট দিয়েছ তার নিকট ক্ষমা চাও, (৫) ভবিষ্যতে পুনরায় এ গুনাহ না করার দৃঢ় সংকল্প কর ও (৬) নিজের সত্তাকে আল্লাহর আনুগত্যে নিয়োজিত ও নিঃশেষিত কর যেভাবে তুমি আজ পর্যন্ত একে নফরমানীর কাজে অভ্যস্ত বানিয়ে রেখেছ। একে আনুগত্যের তিজ্ঞ রস পান করাও- যে রকম একে তুমি আজ পর্যন্ত নাফরমানীর মিষ্টতার স্বাদ আশ্বাদন করিয়েছ।

তাওবার ব্যাপারে আরো কয়েকটি বিষয় ভালোভাবে বুঝে নিতে হবে। প্রথমত এই যে মূলত তাওবা কোন ব্যাপারে অনুতপ্ত ও লজ্জিত হওয়া-

এইজন্য যে উহা আল্লাহর নাফরমানীর কাজ। অন্যথায় কোন গুনাহকে স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর মনে করে। কোন, দুর্নাম, অখ্যাতি বা আর্থিক ক্ষয়ক্ষতির ভয় করে তা পরিহার করার সংকল্প বা ওয়াদা করাকে কখনো তাওবা বলা যায় না। দ্বিতীয়ত যে সময় অনুভূতি জাগবে যে, আল্লাহর নাফরমানী করে বসেছে ঠিক সে সময় তাওবা করা কর্তব্য। আর যেভাবেই সম্ভব এর প্রতিবিধান করা কর্তব্য। প্রতিবিধানে টালবাহানা করা অনুচিত।

তৃতীয়ত: তওবা করে বারবার তওবা ভঙ্গ করা, তওবাকে একটা কৌশল বা খেলায় পরিণত করা এবং যে গুনাহ হতে তওবা করেছে বার বার এরই পুনরাবৃত্তি করা তওবা মিথ্যা হওয়ার স্পষ্ট প্রমাণ। আর বারবার তওবা ভঙ্গ করা হলে তা তার অন্তরে লজ্জিত ও অনুতপ্ত হওয়ার ভাব বর্তমান না থাকারই প্রমাণ।

চতুর্থত: যে ব্যক্তি সাচ্চা মনে তওবা করে পুনরায় সে গুনাহটি না করার দৃঢ় সংকল্প করেছে মানবিক দুর্বলতার কারণে তার দ্বারা যদি সে গুনাহর পুনরাবৃত্তি ঘটে যায়, তাহলে আগের গুনাহটি নতুন হবেনা। অবশ্য পরবর্তী গুনাহর জন্য আবার তাওবা করতে হবে। এবং ভবিষ্যতে আর তাওবা ভঙ্গ করবেনা এর জন্য খুব শক্ত প্রতিজ্ঞা ও সংকল্প করবে।

পঞ্চম এই যে: যখন যখনই নাফরমানীর কথা স্মরণ আসবে তখনই নতুন করে তওবা করা কর্তব্য নয়। কিন্তু তার নফল যদি পূর্বে করা গুনাহ স্মরণ করে আনন্দ স্বাদ অনুভব করে তাহলে বার বার তাওবা করা কর্তব্য-যেন শেষ পর্যন্ত গুনাহর স্মৃতি তার জন্য আনন্দের বা স্বাদের পরিবর্তে লজ্জার অনুভূতি কখনো নাফরমানী করেছে বা গুনাহ করেছে একথা ভেবে আনন্দ স্বাদ পেতে পারেনা। কেহ যদি অনন্দ-স্বাদ অনুভব করে তবে বুঝতে হবে আল্লাহর ভয় তার মনে মজুবত হয়ে বসতে পারেনি।

অতঃপর আলোচ্য আয়াতে বলা হয়েছে- “আশা করা যায় আল্লাহ তোমাদের মাফ করে দিয়ে জান্নাতে প্রবেশ করাবেন।” তাওবা করা হলে অবশ্যই মাফ করে দেয়া হবে এবং অবশ্যই জান্নাতে প্রবেশ করানো হবে একথা বলা হয়নি বরং আয়াতে বলা হয়েছে যে সত্যিকার তাওবা করলে আল্লাহ মাফ করে দেবেন এরূপ আশা করা যায়। এর অর্থ এই দাঁড়ায় যে গুনাহগারের তাওবা কবুল করা এবং তাকে শাস্তি দেয়ার পরিবর্তে জান্নাত দেয়া আল্লাহর কোন কর্তব্য নয় এটা পুরোপুরি তার দয়া ও অনুগ্রহের ব্যাপারে যে তিনি ইচ্ছা

হলে ক্ষমা করবেন এবং পুরস্কারও দেবেন। তার কাছে ক্ষমা পাওয়ার আশা পোষণ করাতে বান্দার অবশ্য কর্তব্য। কিন্তু গুনাহ করলে তিনি মাফ করে দেবেন এই ভরসায় কখনো গুনাহ করা উচিত নয়। এই আয়াতে বলা হয়েছে “সেদিন আল্লাহপাক নবী করীম (সাঃ) এবং বিশ্বাসী অনুগামীদের লজ্জিত করবেন না” অর্থাৎ তাঁদের নেক আমলের শুভ প্রতিফলন তিনি বিনষ্ট করবেন না। তিনি কাফের ও মুনাফিকদেরকে একথা বলার আদৌ সুযোগ দেবেন না যে তারা আল্লাহর বন্দেগী করে কি ফল পেল? শুধুমাত্র আল্লাদ্রোহী লোকেরাই লজ্জিত ও লাঞ্চিত হবে। আল্লাহর অনুগত ও আল্লাহর বিধান পালনকারী লোকদের ভাগ্যে লজ্জা ও লাঞ্ছনা কখনো আসবেনা। অতঃপর তাদেরকে শুভ সংবাদ শোনানো হয়েছে যে, “তাদের অগ্রভাগে ও ডানে নূর দৌড়াতে থাকবে।” সূরা হাদীসের ১২ ও ১৩নং আয়াতের সাথে মিলালে জানা যায় এই অবস্থা হাশরের ময়দান থেকে জান্নাতে নেয়ার সময় হবে। যেখানে চতুর্দিকে গভীর নিশ্চিদ্র অন্ধকারে সমাচ্ছন্ন থাকবে। তখন জাহান্নামী লোকেরা পথ চেনার সময় আঘাতের পর আঘাত পাবে এবং হোচটের পর হোচট খেয়ে পড়বে। আর আলো পাবে কেবল ঈমানদার লোকেরা। তারা এই আলোর সাহায্যে নির্বিল্পে পথ চলবেন। এই কঠিন নায়ুক অবস্থায় ঈমানদার লোকেরা অন্ধকারে নিমজ্জিত লোকদের হাহাকার ও ফরিয়াদ শুনে ভীত বিহব্বল হয়ে পড়বেন। নিজেদের অপরাধ ও দোষ ত্রুটির তীব্র অনুভূতিতে তারা আতঙ্কগ্রস্থ হয়ে পড়বেন এই ভেবে যে, তাদের নূরও যদি কেড়ে নেয়া হয় এবং তারাও যদি এই হতভাগ্য লোকদের মত হয়ে পড়ে। এই কারণে তারা দোয়া করতে থাকবেন, হে আমাদের রব আমাদের অপরাধ মাফ করে দিন এবং আমাদের নূর জান্নাতে পৌঁছা পর্যন্ত অব্যাহত ও অক্ষুণ্ণ রাখুন। হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ), হযরত হাসান বসরী (রাঃ), মুজাহিদ (রাঃ), দাহহাক (রাঃ) প্রায় এইরূপ তাফসীর করেছেন।

ইঞ্জিনিয়ার মুহাম্মদ মোতাহার হোসাইন রচিত প্রকাশিত ও প্রকাশিতব্য বইয়ের তালিকা

১. হে মুমিনগণ ! (প্রথম প্রকাশ) ফেব্রুয়ারি-২০০২
২. Ye Who Believe (IPCI Durban) 11Sept. 2004
৩. Hi Orang Orang Yang Beriman 11 Sept. 2004
৪. এবং কাফিররা বলে ওয়ামি বুক সিরিজ-(২৬) ফেব্রুয়ারি-২০০৭
৫. O Ye Mankind! (www.australianislamiclibrary.org-2015)
৬. মুনাফেকি কী, কেন ও কীভাবে? (প্রথম প্রকাশ জানুয়ারি-২০২০)
৭. হে মানুষ (প্রথম প্রকাশ ফেব্রুয়ারি-২০২০)
৮. অবুবা হাসি (প্রথম প্রকাশ ফেব্রুয়ারি-২০২০)
৯. হে মুমিনগণ ! (সংক্ষিপ্ত) দ্বাদশ মুদ্রণ মার্চ-২০২৪
১০. এবং কাফিররা বলে ! (সংক্ষিপ্ত) একাদশ মুদ্রণ মার্চ-২০২৪
১১. মুনাফেকি কী, কেন ও কীভাবে! (সংক্ষিপ্ত) একাদশ মুদ্রণ মার্চ-২০২৪
১২. হে মানুষ (সংক্ষিপ্ত) একাদশ মুদ্রণ মার্চ-২০২৪
১৩. আমাদের ২৪ ঘণ্টা রুটিন ও ঘুম থেকে নামাজ উত্তম মার্চ-২০২৪
১৪. আপনার প্রতিপালক নির্দেশ দিয়েছেন
১৫. আইন প্রণয়ণে আল্লাহর সাথে শিরক করা
১৬. ইসলামের বিজয়
১৭. মুনাফেকি কী, কেন ও কীভাবে (২)
১৮. অবহেলা নয়
১৯. তোমরাই শ্রেষ্ঠতম জাতি
২০. নিশ্চয় যারা বলে, “আল্লাহ আমাদের রব”
২১. উত্তরাধিকারী
২২. মানুষ কি মনে করে ?
২৩. সুদৃঢ় থাক !
২৪. ব্যবসার সন্ধান !
২৫. ক্ষতিগ্রস্ত !
২৬. তুমি কি ?
২৭. পথ-নির্দেশক
২৮. যুদ্ধের ঘোষণা
২৯. সাবধান
৩০. দীনকে প্রতিষ্ঠিত কর
৩১. কষ্ট দেয় !
৩২. পরামর্শ কর
৩৩. জ্ঞান-বুদ্ধি
৩৪. কেন হারাম করছ ?
৩৫. পড়ো !
৩৬. মরো না !
৩৭. জয়যুক্ত কর
৩৮. নিদর্শন !
৩৯. উদ্বুদ্ধ কর
৪০. সম্পূর্ণ !
৪১. ক্রয় করে
৪২. উপহাস
৪৩. পরীক্ষা !
৪৪. দ্বন্দ্ব লিপ্ত হলে !
৪৫. সম্মানীয় !”
৪৬. প্রতিযোগিতা
৪৭. ফিরে গেলে
৪৮. লিখে রাখ !
৪৯. রাত-দিন ডেকেছি
৫০. পানি পান করানো
৫১. ন্যায়-বিচার
৫২. সুখী জীবন
৫৩. কিতাবের মূল
৫৪. সর্বশ্রেষ্ঠ কাশ্বিনী (দায়িত্ব দিন)
৫৫. আল্লাহর সাহায্যকারী হও, বিজয় তামাদের !
৫৬. গযব প্রাপ্তদের বন্ধু হিসেবে গ্রহণ করো না
৫৭. কাফিরদের মত কথাবার্তা বলানো ।
৫৮. মুসলিম ও কাফির পরস্পর বিবাহ বন্ধনে থেকে না
৫৯. আগামীকালের জন্য সে কি অগ্রিম পাঠিয়েছে ?
৬০. আল্লাহর ইবাদত করার ক্ষেত্রে ওজর পেশ করো না
৬১. সক্রম ও তাকওয়া অবলম্বনের পরামর্শ করো
৬২. আমার জীবন ও আমার মরণ আল্লাহরই জন্য
৬৩. আল্লাহর আনুগত্য কর আর রাসুলের (সা.) আনুগত্য কর
৬৪. আল্লাহর এবং তাঁর রাসুলের উপর ঈমান আন
৬৫. খুব বেশি করে স্মরণ কর ।
৬৬. অনুমতি ছাড়া অন্যের গৃহে প্রবেশ করো না
৬৭. শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না ।
৬৮. আল্লাহর পথে জিহাদ কর যেভাবে জিহাদ করা উচিত
৬৯. সত্যনিষ্ঠ লোকদের সাথে থাক
৭০. ভক্ত আলিমদের থেকে সতর্ক থাকো ।
৭১. আদেশ শানোর পর তা অমান্য করো না
৭২. ওসিয়াত করার সময় সাক্ষী রাখবে
৭৩. তামাদের দায়িত্ব তামাদেরই উপর
৭৪. মদ, জুয়া, মূর্তি ও লটারী পরিহার করো
৭৫. নিজের বিরুদ্ধে গেলেও ন্যায় সঙ্গত স্বাক্ষর দান কর
৭৬. মুমিনগণ যেন আল্লাহর উপর ভরসা করে
৭৭. সৎকাজ ও তাকওয়ার ব্যাপারে তামেরা পরস্পরকে সহযোগিতা করো
৭৮. তোমরা সালাতের নিকটবর্তী হ্যানো, যতক্ষণ না তোমরা যা বল তা বুঝতে পারো
৭৯. তামেরা সতর্কতা অবলম্বন করো
৮০. সবার, মুসাবারাহ, মুরাবাহ ও তাকওয়া অবলম্বন কর
৮১. তোমরা অন্যায়ভাবে একে অন্যের সম্পদ গ্রাস করো না
৮২. তোমাদের উপার্জিত উত্তম ধন-সম্পদ থেকে ব্যয় করো
৮৩. ইসলামের মধ্যে পূর্ণভাবে প্রবেশ করো
৮৪. কিসাস সম্পর্কে আদেশ দেয়া যাচ্ছে
৮৫. সাহায্য চাও সবার ও সালাতের মাধ্যমে
৮৬. সকল প্রশংসা আল্লাহরই জন্য
৮৭. এই কিতাব যাতে কোন সন্দেহ নেই
৮৮. আলিফ-লাম-মীম ।